

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৬০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. প্রথম অনুচ্ছেদ - কুরবানী

بَابٌ فِي الْأُضْحِيَّةِ

#### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مِنْ أَيَّامٍ الْعَمَلُ الصَّالِحُ فِيهِنَّ أَحَبُّ إِلَى اللَّهِ مِنْ هَذِهِ الْأَيَّامِ الْعَشَرَةِ» قَالُوا: يَا رَسُولَ اللَّهِ وَلَا الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ إِلَّا رَجُلُّ خَرَجَ بِنَفْسِهِ وَمَالِهِ فَلَمْ يَرْجِعْ مِنْ دَلِكَ بِشَيْءٍ» . رَوَاهُ البُخَارِي

### বাংলা

১৪৬০-[৮] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ আল্লাহ তা'আলার নিকট তাঁর দিনসমূহের মধ্যে এমন কোন দিন নেই, যে দিনের 'আমল এ দশদিনের 'আমল অপেক্ষা অধিক প্রিয়। সাহাবীগণ জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! আল্লাহর রাস্তায় জিহাদও নয়? তিনি বললেন, আল্লাহর রাস্তায় জিহাদও নয়। তবে যে ব্যক্তি নিজের জীবন ও সম্পদ নিয়ে বের হয়েছে। আর তা হতে কোন কিছু নিয়ে ফিরেনি। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ: বুখারী ৯৬৯, আবূ দাউদ ২৪৩৮, আত্ তিরমিয়ী ৭৫৭, ইবনু মাজাহ্ ১৭২৭, ইবনু আবী শায়বাহ্ ১৯৫৪০, আহমাদ ১৯৬৮, ইবনু খুযায়মাহ্ ২৮৬৫, ইবনু হিব্বান ৩২৪, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৩৯২, ইরওয়া ৮৯০, সহীহ আত্ তারগীব ১২৪৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: 'উলামারা মতভেদ করেছেনঃ এই দশদিন উত্তম না রমাযানের দশ দিন উত্তম। কারও মতে হাদীসের ভাষ্য মতে এ দশদিন উত্তম। আবার কারো মতে 'লায়লাতুল রুদর (কদর)' এর কারণে উত্তম। গ্রহণযোগ্য কথা হলঃ



'আরাফাহ্ দিবস পাওয়ার কারণে এ দশদিন উত্তম। আর রমাযানের দশ রাত্রি উত্তম ক্বদরের রাত্রি পাওয়ার কারণে। কেননা বছরের দিনগুলোর মধ্যে 'আরাফার দিন উত্তম আর বছরের রাত্রগুলোর মধ্যে ক্বদরের রাত্রি উত্তম। এজন্য বলেছেন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (مَا مِنْ أَيًّا مٍ) দিনগুলোর মধ্যে আর রাত্রির কথা বলেনি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন